



জগন্নাথ বিশ্ববিদ্যালয় Jagannath University

জগন্নাথ বিশ্ববিদ্যালয় পরিবারের যাকাত ও কল্যাণ তহবিলের তৃতীয় বৃত্তি প্রদান অনুষ্ঠান



২৪ জানুয়ারি-২০১৮, বুধবার, বেলা ১২টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক ও কর্মকর্তাদের সহযোগিতায় গঠিত 'যাকাত ও কল্যাণ তহবিল, জগন্নাথ বিশ্ববিদ্যালয় পরিবার (যাক-তহবিল, জবিপ)-এর উদ্যোগে 'তৃতীয় বৃত্তি প্রদান অনুষ্ঠান' বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন 'যাক-তহবিল, জবিপ'-এর প্রধান পৃষ্ঠপোষক ও উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

যাক-তহবিল, জবিপ-এর সভাপতি অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম-এর সভাপতিত্বে ইসলামিক স্টাডিজ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মুহাম্মদ আবুল কালাম আজাদ, রসায়ন বিভাগের অধ্যাপক ড. মোঃ শাহজাহান, একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের অধ্যাপক ড. মোঃ শওকত জাহাঙ্গীর, রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান, অর্থ ও হিসাব দপ্তরের উপ-পরিচালক (ফান্ড ও বাজেট) খন্দকার হাবিবুর রহমান প্রমুখ বক্তব্য প্রদান করেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন যাক-তহবিল, জবিপ-এর সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মোস্তফা হাসান।

এসময় উপাচার্য যাক-তহবিল, জবিপ-এর বৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থীদের মাঝে বৃত্তি প্রদান করেন। উল্লেখ্য, এবার ৩টি ক্যাটাগরিতে মোট ১৫৪ জন শিক্ষার্থী আবেদন করে। তন্মধ্যে ৬৭ জন নির্বাচিত হয়। এসময় বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।